সমকাল

তারিখ ..2 4 MAY 2018...
পৃষ্ঠা ..৪... কলাম ..২...

হেলথ টেকনোলজিস্ট

# অনশনে অসুস্থ ৭০ শিক্ষার্থী

■ সমকাল প্রতিবেদক

দশ দফা দাবিতে হেলথ টেকনোলজিস্টদের আমরণ অনশন কর্মসূচি অব্যাহত রয়েছে। বাংলাদেশ মেডিকেল টেকনোলজি ও ফার্মেসি স্টুডেন্টস অ্যাসোসিয়েশনের ব্যানারে করা অনশনের অষ্টম দিন গতকাল সোমবার পর্যন্ত কর্মসূচিতে অংশ নেওয়া প্রায় ৭০ শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েছেন। তাদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালসহ রাজধানীর বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে। আন্দোলনকারী সংগঠনের আহ্বায়ক জসিম উদ্দিন ও সদস্য সচিব হেদায়েতুল ইসলাম, জানান, দাবি আদায় না হওয়া পর্যন্ত তাদের কর্মসূচি চলবে। ২৮ মে নতুন কর্মসূচি ঘোষণা করা হবে। প্রয়োজনে তারা কর্মবিরতি দিয়ে রাজপথে থাকবেন।

তাদের দাবিগুলোর মধ্যে কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরিচালিত কোর্স বন্ধ ও প্রস্তাবিত 'প্যারামেডিকেল শিক্ষা বোর্ডের' পরিবর্তে 'ডিপ্লোমা মেডিকেল এডুকেশন বোর্ড' গঠন, নতুন পদ সৃষ্টির পাশাপাশি স্থগিত থাকা পদে নিয়োগের আইনি সমস্যা সমাধান, সরকারি চাকরিতে তাদের ১০ গ্রেডে উন্নীতকরণ, ফার্মেসি ও রেডিওথেরাপিসহ সব কোর্সের বিএসসি ও এমএসসি অবিলম্বে চালু, বিএসসি ডেন্টাল কোর্সের স্থগিতাদেশ প্রত্যাহার করে ফের কার্যক্রম শুরু করা, টেকনোলজিস্টদের জন্য স্বাস্থ্য অধিদপ্তরের স্বতন্ত্র শাখা চালু, সরকারি হাসপাতালে নতুন পদ সৃষ্টি করে তাদের পদায়ন এবং ঢাকা প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (ডুয়েট) মতো তাদের জন্য 'বাংলাদেশ ইউনিভার্সিটি অব মেডিকেল সায়েন্স অ্যান্ড টেকনোলজি' নামে স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা অন্যতম।